# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date 06-11-2025** **Time: 1.30 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) কঠোর নিরাপত্তায় বিহারে বিধানসভা নির্বাচনের প্রথম দফায় ভোটগ্রহণ এগিয়ে চলেছে। এখনও পর্যন্ত ভোটগ্রহণ শান্তিপূর্ণ। বেলা ১১ টা পর্যন্ত ভোট পড়েছে ২৭ দশমিক ৬/৫ শতাংশ।

২) বিহারে নির্বাচনী প্রচারে পূর্বতন আরজেডি সরকারের সমালোচনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৩) ঈক্ষক জাহাজ আজ ভারতীয় নৌ বাহিনীতে আনুষ্ঠানিকভাবে অন্তর্ভুক্ত হবে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লীতে জাতীয় স্তোত্র বন্দেমাতরমের সার্ধ শতবর্ষ পূর্তি উপলক্ষে এক বিশেষ কর্মসূচীর সূচনা করবেন।

৫) মার্কিন সুপ্রিম কোর্ট প্রেসিডেন্ট ট্রাম্পের একতরফা শুল্ক আরোপের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন।

৬) ভারত ও অস্ট্রেলিয়া আজ চতুর্থ টি-২০ ক্রিকেট ম্যাচে পরস্পরের মুখোমুখি হবে।

---

কঠোর নিরাপত্তায় বিহারে বিধানসভা নির্বাচনের প্রথম দফায় ভোটগ্রহণ এগিয়ে চলছে। বেলা ১১-টা পর্যন্ত ভোট পড়েছে গড়ে  ২৭ দশমিক ৬/৫ শতাংশ। বেগুসরাই জেলায় সবচেয়ে বেশি ৩০ দশমিক ৩/৭ শতাংশ ভোট পড়েছে।

এখনও পর্যন্ত ভোটগ্রহন শান্তিপূর্ন। বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার বখতিয়ারপুর কেন্দ্রে এবং উপ মুখ্যমন্ত্রী – বিজেপি প্রার্থী সম্রাট চৌধুরী তারাপুর কেন্দ্রে ভোট দিয়েছেন এবং কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং, নিত্যানন্দ রাই, বিহারের অপর উপ মুখ্যমন্ত্রী – বিজেপি প্রার্থী বিজয় কুমার সিনহা, তাদের নিজস্ব কেন্দ্রে ইতিমধ্যেই ভোট দিয়েছেন। মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী তেজস্বী যাদব এবং উপ-মুখ্যমন্ত্রী পদপ্রার্থী মুকেশ সাহানি ইতিমধ্যেই ভোট দিয়েছেন।

এই পর্বে ১৮ টি জেলার ১২১ টি বিধানসভা আসনে ভোট নেওয়া হচ্ছে। চলবে সন্ধে ছটা পর্যন্ত। তবে নিরাপত্তার কারণে বখতিয়ারপুর, মাহিশী ,তারাপুর ,মুঙ্গের ,জামালপুর এবং সূর্যগড় বিধানসভা কেন্দ্রের ৫৬ টি বুথে বিকেল পাঁচটা পর্যন্ত ভোট গ্রহণ চলবে।

সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। সম্পূর্ণ প্রক্রিয়ার ওপর নজরদারির জন্য তৈরি করা হয়েছে একটি আধুনিক কমান্ড ও কন্ট্রোল সেন্টার। প্রত্যেকটি ভোট কেন্দ্রেই রয়েছে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা। সব ভোট কেন্দ্রে রাজ্যে পুলিশের পাশাপাশি নিরাপত্তার দায়িত্বে থাকছে কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী। মহিলা পরিচালিত বুথের সংখ্যা ৯২৬।

অন্যদিকে ১০৭-টি দিব্যাঙ্গজন পরিচালিত বুথ রয়েছে। পাটনায় মুখ্য নির্বাচন আধিকারিকের দফতরে খোলা হয়েছে বিশেষ কন্ট্রোল রুম। এই পর্যায়ে ১ হাজার ৩১৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করছেন তিন কোটি ৭৫ লক্ষেরও বেশি ভোটদাতা। ১২২ জন মহিলা প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন।

------------------

বিহারে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোট প্রচার জোর কদমে চলছে। এনডিএ এবং বিরোধী মহাজোটের নেতারা জেলার দলীয় প্রার্থীদের হয়ে প্রচার চালাচ্ছেন। এদিন আরারিয়ায় এক নির্বাচনী প্রচারে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিযোগ করেন, আরজেডি আমলে অনুন্নয়ন ও বিশৃঙ্খলার সাক্ষী থেকেছে বিহার।

--------------------

বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার প্রচারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আরারিয়ায় এক জনসভায় ভাষণ দেন। তিনি বলেন, প্রথম দফার ভোটদান নির্বিঘ্নে চলেছে। শ্রী মোদী মহিলা সহ সমস্ত ভোটদাতাদের ভোটদানে অংশগ্রহণের আর্জি জানান।

বাইট

--------------------

ভারতের নির্বাচন কমিশন (ইসিআই) পরিচালিত বিহার বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ ব্যবস্থা প্রত্যক্ষ করতে আজ সাতটি দেশের ষোল জন প্রতিনিধি সে রাজ্যে উপস্থিত রয়েছেন।

ইন্দোনেশিয়া, কলম্বিয়া, ফিলিপিন্স, ফ্রান্স, বেলজিয়াম, দক্ষিণ আফ্রিকা এবং থাইল্যান্ড-এর প্রতিনিধিরা এই সফরে রয়েছেন।

ইতোমধ্যেই থাইল্যান্ডের একটি প্রতিনিধিদল পাটনার একটি ভোটগ্রহণকেন্দ্র পরিদর্শন করেছে।

--------------------

<u>**ঈক্ষক**</u> জাহাজ আজ ভারতীয় নৌ-বাহিনীতে আনুষ্ঠানিকভাবে অন্তর্ভূক্ত হবে। কোচি-র নৌ-ঘাটিতে এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন, নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠী। প্রতিরক্ষামন্ত্রক জানিয়েছে সামুদ্রিক অভিযানের জন্য জলের গভীরতা, তটরেখা, ঢেউ – ইত্যাদি সংক্রান্ত সমীক্ষার ক্ষেত্রে এই জাহাজ বিশেষ কার্যকরী হবে। জাহাজ নির্মাণে ভারতের স্বনির্ভর হয়ে ওঠার পথে এটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। মন্ত্রক আরও জানিয়েছে, সংস্কৃতে- <u>**ঈক্ষক**</u> – নামের অর্থ গাইড বা পথ প্রদর্শক। জল সংক্রান্ত নানা সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত তথ্য নৌ-বাহিনীর বিভিন্ন কার্যক্রম এবং ভারতের সামুদ্রিক নিরাপত্তা পরিকাঠামোকে আরও শক্তিশালী করবে বলে মনে করা হচ্ছে।

--------------------

জম্মু কাশ্মীরে রেল যোগাযোগ ব্যবস্থায় বড় মাইলফলক তৈরিতে উত্তর রেল জম্মু রেল বিভাগে পরিচালনা ও পুনর্বিকাশ সংক্রান্ত কাজে গতি আনতে চলেছে। এর ফলে জম্মু ও শ্রীনগরের মধ্যে সরাসরি ট্রেন পরিষেবা চালু করা সম্ভব হবে। বর্তমানে রেসাই জেলার কাটরা থেকে শ্রীনগর পর্যন্ত ট্রেন চলে। রেলের এক বরিষ্ঠ আধিকারিক জানান, খুব তাড়াতাড়ি জম্মু রেল স্টেশন থেকেও এই পরিষেবা শুরু হবে। এর আগে বন্যার জেরে কাজের গতি বাধাপ্রাপ্ত হয়েছিল। জম্মু-কাটরা অংশে বেশ কিছু জট কাটিয়ে সেতু, রেল ট্র্যাক তৈরির কাজ চলছে। জম্মুতে নতুন প্ল্যাটফর্মের কাজও প্রায় শেষের পথে। নভেম্বরের মধ্যে কাজ শেষ হবে বলে আশ্বাস দিয়েছে রেল কতৃপক্ষ।

--------------------

মণিপুরের রাজ্যপাল অজয় কুমার ভাল্লা গতকাল ইম্ফলের সিটি কনভেনশন সেন্টারে আকাশবাণী ইম্ফলের হীরক জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে যোগ দেন। রাজ্যপাল হীরক জয়ন্তী স্মারক প্রকাশ করেন এবং আকাশবাণী ইম্ফলের অধিকর্তা এবং পৃষ্ঠপোষকদের প্রশংসাপত্র বিতরণ করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মনিপুরের অতিরিক্ত মুখ্য সচিব অনুরাগ বাজপাই; আকাশবাণীর মহানির্দেশক রাজীব কুমার জৈন; আকাশবাণী উত্তর-পূর্বাঞ্চলের অতিরিক্ত মহানির্দেশক সত্যজিৎ দাস; এবং রাজ্য সরকারের বেশ কয়েকজন ঊর্ধ্বতন অধিকর্তা।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লিতে জাতীয় স্তোত্র ‘বন্দেমাতরম’-এর সার্ধশত বর্ষ পূর্তি উপলক্ষে এক বছরব্যাপী বিশেষ কর্মসূচীর সূচনা করবেন। সংস্কৃতি মন্ত্রকের পক্ষ থেকে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ২০২৬-এর ৭ নভেম্বর পর্যন্ত বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই কালজয়ী সৃষ্টির ১৫০ বছর পূর্তিতে নানা অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

উল্লেখ্য, এই স্তোত্রের সঙ্গে দেশের গর্ব, ঐক্য ও স্বাধীনতা সংগ্রামের ইতিহাস জড়িয়ে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

--------------------

জাতীয় স্তোত্র ‘বন্দেমাতরম’-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে নৌবাহিনীর এনসিসি ক্যাডেটরা এক বিশেষ নৌ অভিযানের আয়োজন করেছে। পশ্চিমবঙ্গ ও সিকিম এনসিসি অধিদপ্তরের ৬০ জন এনসিসি ক্যাডেট গতকাল ফরাক্কা থেকে জলপথে কলকাতা পর্যন্ত

যাত্রা শুরু করেছেন। গঙ্গার বুকে প্রায় ২০ দিনের এই অভিযানে তাঁরা অতিক্রম করবেন ৪০০ কিলোমিটারেরও বেশি পথ।গঙ্গার জলপথে নৌযাত্রা চলাকালীন এই ক্যাডেটরা শুধু শারীরিক ও মানসিক সক্ষমতার পরীক্ষা দেবে না, নদীর দুই তীরের জনপদের মানুষের সঙ্গে প্রত্যক্ষভাবে সংযোগ স্থাপনও করবে। যাত্রাপথে তাঁরা একাধিক সামাজিক ও মানবিক কার্যক্রমে অংশ নেবেন—এর মধ্যে রয়েছে পরিবেশ সচেতনতা অভিযান, নদীতীর পরিষ্কার রাখা, বৃক্ষরোপণ কর্মসূচি, ও স্থানীয় যুবসমাজের সঙ্গে মতবিনিময়।

--------------------

উৎপাদন এবং উন্নয়ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং-এর নেতৃত্বে ভারতের এক প্রতিনিধি দল ইজরায়েলের বিভিন্ন প্রতিরক্ষা সরঞ্জাম তৈরির সংস্থা পরিদর্শন করেন। প্রতিরক্ষা মন্ত্রক সামাজিক মাধ্যমে এক পোস্টে জানিয়েছে, দুদেশের মধ্যে অংশীদারিত্ব বৃদ্ধি এবং আত্মনির্ভর ভারতের উদ্যোগকে আরও তরান্বিত করতেই এই উদ্যোগ।

--------------------

Typhoon Kalmaegi-র কারণে ফিলিপিন্সে ১১৪ জন প্রাণ হারিয়েছেন। কয়েকশো মানুষ নিখোঁজ। ফিলিপিন্সের রাষ্ট্রপতি ফার্দিনান্দ মার্কোস জুনিয়র আজ সে দেশে জরুরি অবস্থা ঘোষণা করেছেন। এই প্রাকৃতিক বিপর্যয়ের ফলে অন্ততপক্ষে ২০ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং পাঁচ লক্ষেরও বেশি গ্রামবাসী গৃহহীন। চার লক্ষেরও বেশি মানুষকে জরুরি আশ্রয়কেন্দ্রে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

--------------------

মার্কিন যুক্তরাষ্ট্রে উৎপাদন বৃদ্ধি এবং বাণিজ্য ঘাটতি কমানোর জন্য ১৯৭৭ এর আন্তর্জাতিক জরুরি অর্থনৈতিক ক্ষমতা আইন- (IEEPA) ব্যবহার করে রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প একতরফাভাবে শতাধিক দেশের আমদানির উপর যে শুল্ক আরোপ করেছেন, তার বিরুদ্ধে দায়ের হওয়া গুরুত্বপূর্ণ মামলায় মার্কিন সুপ্রিম কোর্টের বিচারপতিরা সংশ্লিষ্ট আইনটি ব্যবহারের বৈধতা নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন। এই মামলাকে সাম্প্রতিক সময়ের অন্যতম গুরুত্বপূর্ণ অর্থনৈতিক মামলা হিসেবে বিবেচনা করা হচ্ছে। প্রেসিডেন্ট ট্রাম্প তাঁর ক্ষমতার সীমার মধ্যে থেকে কাজ করেছেন, নাকি কংগ্রেসের কর আরোপের অধিকার লঙ্ঘন করেছেন তা নির্ধারিত হবে এই মামলার মাধ্যমে। প্রধান বিচারপতি জন রবার্টস এবং রক্ষণশীল বিচারপতি অ্যামি কনি ব্যারেট ও নীল গোরসাচ সরকারের যুক্তির ওপর সংশয় প্রকাশ করেছেন। বেশ কয়েকটি ছোট ব্যবসা এবং কয়েকটি প্রদেশ এই শুল্ক আরোপকে অবৈধ বলে আদালতে চ্যালেঞ্জ করে।

সব দেশের উপর পাল্টা শুল্ক আরোপের জন্য ফেডারেল আইন ব্যবহার নিয়ে প্রেসিডেন্ট ট্রাম্পের আইনজীবীকে শুনানির সময় কঠিন প্রশ্নের মুখোমুখি হতে হয়, বিশেষ করে। বেসরকারি কোম্পানিগুলি জানিয়েছে, প্রশাসনের IEEPA ব্যাখ্যা যে ত্রুটিপূর্ণ তা সাধারণ যুক্তিবোধ থেকেই বোঝা যায়।

--------------------

ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাটজ বলেছেন,ইসরায়েলি সেনা গাজার ইসরায়েল নিয়ন্ত্রিত এলাকার মধ্যে হামাসকে নির্মূল করার কাজ অব্যাহত রাখবে।

কাটজ বলেন, ইসরায়েলের লক্ষ্য হামাসকে নিরস্ত্র করা এবং গাজাকে সেনামুক্ত করা, পাশাপাশি নিহত বন্দিদের মৃতদেহ উদ্ধার করা।

ইসরায়েলি গোয়েন্দা সংস্থা অনুমান করছে, প্রায় ২০০ জন সশস্ত্র হামাস জঙ্গী বর্তমানে রাফার নীচে সুড়ঙ্গে লুকিয়ে আছে।

--------------------

ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ নেচার (IUCN) সম্প্রতি কাঞ্চনজঙ্ঘা জাতীয় উদ্যানকে "ভালো" রেটিং দিয়েছে। এটিই একমাত্র ভারতীয় উদ্যান যা এই রেটিং পেয়েছে। অন্যদিকে পশ্চিমা ঘাট এবং সুন্দরবনের মতো অন্যান্য গুরুত্বপূর্ণ অঞ্চলগুলির বর্তমান অবস্থা আশঙ্কাজনক বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

কাঞ্চনজঙ্ঘা বায়োস্ফিয়ার রিজার্ভ ১,৭৮৪ বর্গকিলোমিটার জুড়ে বিস্তৃত। এই পার্কটিতে ২৮০টি হিমবাহ এবং ৭০টিরও বেশি হ্রদ। এছাড়াও তুষার চিতা, লাল পান্ডার মতো বেশ কিছু বিপন্ন পশু এবং ৫৫০টিরও বেশি পাখির প্রজাতি এখানে রয়েছে। লেপচা জনজাতির জন্য, এটি তাদের দেবতাদের দ্বারা প্রদত্ত এক স্বর্গ।

পর্যটক এবং সংরক্ষণবাদীদের মতে, প্রকৃতিকে সম্মান ও সংরক্ষণ করলে তবেই মানুষ সমৃদ্ধ হতে পারে।

--------------------

কর্পোরেট বিষয়ক প্রতিমন্ত্রী হর্ষ মালহোত্রা আজ ঘোষণা করেছেন চলতি মাসের ১৬ তারিখ নতুন দিল্লিতে সংসদ খেল মহোৎসবের অংশ হিসেবে 'নমো রান' ম্যারাথন আয়োজিত হবে। সংসদ খেল মহোৎসবের উদ্বোধনকালে মন্ত্রী বলেন, প্রায় ত্রিশ হাজার অংশগ্রহণকারী খেল মহোৎসবের জন্য নিবন্ধন করেছেন। শ্রী মালহোত্রা আরও

বলেন, তিন স্তরের এই ইভেন্টে অলিম্পিক এবং ভারতের নিজস্ব ঐতিহ্যবাহী উভয় ধরণের খেলা-ই থাকবে। প্রতিযোগিতায় ভালো খেলতে পারলে অংশগ্রহণকারীদের যোগ্য কোচ, ক্রীড়া সরঞ্জাম এবং সুসজ্জিত স্টেডিয়ামে খেলার সুযোগ দেওয়া হবে। শ্রী মালহোত্রা বলেছেন এই পদক্ষেপ তরুণদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবে।

--------------------

ভারত ও অস্ট্রেলিয়া আজ চতুর্থ টি -২০ ক্রিকেট ম্যাচে পরস্পরের মুখোমুখি হবে। অস্ট্রেলিয়ার গোল্ড কোস্টের হেরিটেজ ব্যাংক স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় দুপুর পৌনে দুটোয়। পাচঁ ম্যাচের টি -২০ সিরিজ ১-১ হয়ে রয়েছে। ক্যানবেরায় প্রথম ম্যাচ বৃষ্টির কারণে পরিত্যক্ত হয়। মেলবোর্নে দ্বিতীয় ম্যাচে জয়ী হয় অস্ট্রেলিয়া। হোবার্টে তৃতীয় ম্যাচে ভারত জয়ী হয়।

-------------------- --------------------